

অটিস্টিক শিক্ষার্থীরা পাবে বিশেষ সুযোগ

অটিস্টিক, ডাউন সিনড্রোম বা সেরিব্রাল পলসি আক্রান্ত শিশুদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণে সুবিধার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণের ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় পরিপত্র জারি করেছে। এ পরিপত্র চলতি বছরের সকল পাবলিক পরীক্ষা থেকে কার্যকর হবে। বিশেষ শিশুরা অন্যদের তুলনায় শতকরা ১০ ডাগ অতিরিক্ত সময় প্রদান এবং শিক্ষক বা অভিভাবক বা সাহায্যকারীর বিশেষ ব্যবস্থাপনা ও সহায়তায় পরীক্ষা প্রদানের সুযোগ দেয়া যাবে। কেন্দ্র প্রধান বা প্রধান শিক্ষক বা অধ্যক্ষ বা কেন্দ্রসচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।—তথ্যবিবরণী